



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-২৯৭

শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী আগামীকাল রাজশাহী আসবেন

রাজশাহী; ০৯ আষাঢ় (২৩ জুন):

শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মোঃ নজরুল ইসলাম চৌধুরী, এমপি আগামীকাল সোমবার (২৪ জুন) দুই দিনের সরকারি সফরে রাজশাহী আসবেন। বিকাল পৌনে পাঁচটায় তিনি বিমানযোগে রাজশাহী এসে পৌঁছবেন।

মঙ্গলবার (২৫ জুন) সকাল দশটায় প্রতিমন্ত্রী বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষে শিশুশ্রম নিরসন বিষয়ক কর্মশালায় অংশগ্রহণ করবেন। দুপুর আড়াইটায় ক্যান্টনমেন্ট রোডে অবস্থিত কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের উপমহাপরিদর্শকের কার্যালয় পরিদর্শন এবং কর্মকর্তা-কর্মচারীদের সাথে মতবিনিময় সভায় যোগদান করবেন। বিকাল তিনটায় জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইন্সটিটিউট পরিদর্শন করবেন। বিকাল সাড়ে তিনটায় নগরীর বিলসিমলা, খেটার রোডে অবস্থিত বিভাগীয় শ্রম দপ্তর পরিদর্শন এবং কর্মকর্তা-কর্মচারীদের সাথে মতবিনিময় সভায় অংশগ্রহণ করবেন।

ওইদিন বিকাল সোয়া পাঁচটায় প্রতিমন্ত্রী বিমানযোগে ঢাকার উদ্দেশে রাজশাহী ত্যাগ করবেন।

.....
তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/২০২৪/১৪.৫০